গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং-এইচইডি/প্রশা/ব্যঃ নথি-৬৪৯/২০১৮/ তারিখ ঃ

প্রজ্ঞাপন

১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্মাণ শাখার প্রজ্ঞাপন নং-৪৫.০০.০০০০.১৫৬.০৮.০১৮.২৩-৬১২, তারিখঃ ১৯/১১/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), ময়মনসিংহ বিভাগে কর্মরত নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ) জনাব ফায়েদ আল হোসাইন-কে ২১/১১/২০২৩ খ্রিঃ হতে ৩০/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০ (দশ) দিন তাঁর স্ত্রীর চিকিৎসা পরবর্তী ফলোআপের উদ্দেশ্যে ভারত গমনের নিমিত্ত বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি কতিপয় শর্ত সাপেক্ষে অনুমোদন করা হয়েছে। তিনি উক্ত ছুটি আগামী ২১/১১/২০২৩ খ্রিঃ হতে ৩০/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১০ (দশ) দিন ভোগসহ দেশ ত্যাগের অনুমতি চেয়ে আবেদন করেছেন। তদানুযায়ী নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ) জনাব ফায়েল আল হোসাইন-কে উক্ত প্রজ্ঞাপনের শর্তাদি পালন সাপেক্ষে আগামী ২১/১১/২০২৩ খ্রিঃ তারিখ থেকে দেশ ত্যাগসহ বর্ণিত ছুটি ভোগের অনুমতি প্রদান করা হলো।

২। নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ) জনাব ফায়েদ আল হোসাইন ছুটিতে থাকাকালীন তাঁর দায়িত্ব এইচইডি ময়মনসিংহ জেলায় কর্মরত সহকারী প্রকৌশলী (পুর) জনাব মোঃ সাইফুর রহমান নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে পালন করবেন।

-স্বাঃ-
ব্রিগেডিয়ার জেনারেল
মীর সারোয়ার হোসাইন চৌধুরী, এএফডব্লিউসি, পিএসসি
প্রধান প্রকৌশলী।
e-mail : hedhq@yahoo.com

স্মারক নং-এইচইডি/প্রশা/ব্যঃ নথি-৬৪৯/২০১৮/ ৩১৮৬/১(৯) তারিখ ঃ ২০/১১/২০২৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, বহিঃ গমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-৮, ঢাকা।
৩। জনাব ফায়েদ আল হোসাইন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), এইচইডি, ময়মনসিংহ বিভাগ
তিনি তাঁর দায়িত্বভার এইচইডি, ময়মনসিংহ জেলায় কর্মরত সহকারী প্রকৌশলী (পুর) জনাব মোঃ সাইফুর রহমান এর নিকট হস্তান্তর পূর্বক কর্মস্থল ত্যাগ করবেন।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ।
৫। জনাব মোঃ সাইফুর রহমান, সহকারী প্রকৌশলী (পুর), এইচইডি, ময়মনসিংহ জেলা।
৬। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা / স্থলবন্দরসমূহ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। উপসচিব, নির্মাণ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ব্রিগেডিয়ার জেনারেল
মীর সারোয়ার হোসাইন চৌধুরী, এএফডব্লিউসি, পিএসসি
প্রধান প্রকৌশলী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
নির্মাণ শাখা
www.hsd.gov.bd

নম্বর: ৪৫.০০.০০০০.১৫৬.০৮.০১৮.২৩.৬১২

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩০
১৯ নভেম্বর ২০২৩

প্রজ্ঞাপন

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাকে নামের পার্শ্বে উল্লিখিত কারণে সংশ্লিষ্ট দেশে গমনের অনুমতিসহ ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালা ৩(১) (ii) ধারা মোতাবেক বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি নিম্নে বর্ণিত শর্তে মঞ্জুর করা হলো:

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	ছুটির কারণ	প্রার্থীত ছুটির মেয়াদ
১	২	৩	৪
১	জনাব ফায়েদ আল হোসাইন, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ	স্ত্রীর চিকিৎসা পরবর্তী ফলোআপের নিমিত্ত ভারত গমন	**২১/১১/২০২৩ খ্রি. হতে ৩০/১১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত** অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০(বিশ) দিন

শর্তাদি:

ক) এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা নিজে বহন করবেন;
খ) এতে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না। বিদেশে অবস্থানকালীন সময়ে বেতন-ভাতাদি দেশীয় মুদ্রায় প্রাপ্য হবেন;
গ) তিনি ছুটি শেষে দেশে ফিরে কাজে যোগদান করবেন;
ঘ) এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R.(Part-1) এর Appendix VIII এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৯-১১-২০২৩

মুহাম্মদ শাহাদত খন্দকার
উপসচিব
ইমেইল:

construction@hsd.gov.bd

নম্বর: ৪৫.০০.০০০০.১৫৬.০৮.০১৮.২৩.৬১২/১(৯)

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩০
১৯ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা

২) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা

৩) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা

৪) উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)

৫) সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ

৭) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (ডিসিএ), ময়মনসিং

৮) ইমিগ্রেশন অফিসার, হযরত শাহ্ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা/স্থলবন্দরসমূহ

৯) জনাব ফায়েদ আল হোসাইন, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ